

<http://doict.louhajanj.munshiganj.gov.bd/>

স্মারক নম্বর: ৫৬.০৪.৫৯৪৪.০০০.১৬.০০১.১৫.২২

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: উপজেলা, ও ইউনিয়ন পর্যায়ে ন্যাশনাল ওয়েবপোর্টালের নিয়ন্ত্রণ সংক্রান্ত।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সিগঞ্জ, আইসিটি শাখার ০৫.৩০.৫৯০০.২১০.৩১.০০১.১৮.৬৩ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার অফিসের ন্যাশনাল ওয়েবপোর্টালের ব্যবস্থাপনায় নিম্নোক্ত বিষয়গুলো লক্ষণীয়:

১। এটুআই ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর জাতীয় তথ্য বাতায়নে আপনার সাইটটি শুধুমাত্র তৈরি ও কারিগরি সহায়তার দায়িত্ব পালন করে থাকে।

২। তথ্য হালনাগাদ ও কোন তথ্য আপলোড হবে তার দায়িত্ব ও সিদ্ধান্ত সংশ্লিষ্ট অফিসের।

৩। আপনার সাইটের পাসওয়ার্ড সম্পর্কে এটুআই ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কোনভাবেই অবগত নয়।

৪। সংশ্লিষ্ট অফিসের আইডি থেকে বিভ্রান্তিমূলক/বিত্তকর/অসংলগ্ন/সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয় এমন তথ্য আপলোড হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট অফিসের উপর বর্তাবে।

জাতীয় তথ্য বাতায়নের আওতাভুক্ত বিভিন্ন ওয়েবসাইটে কোন কোন ক্ষেত্রে সাইট এডমিন ইউজারদের অসতর্কতার দরুণ পাসওয়ার্ড ও আইডি লিকেজ সংক্রান্ত ঘটনার উদ্ভব হতে পারে। নিয়ত পরিবর্তনশীল প্রযুক্তির আবির্ভাব ও হ্যাকারদের দৌরাত্ম বৃদ্ধির দরুণ ওয়েবসাইটের নিরাপত্তা নিশ্চিতকরণে নিম্নোক্ত পদক্ষেপসমূহ এক্ষণে গ্রহণ করতে হবে:

১ম ধাপ: (পত্র প্রাপ্তির ২ দিনের মধ্যে)

ক) উপজেলা প্রশাসনের পাসওয়ার্ড কালক্ষেপন না করে জরুরিভিত্তিতে পরিবর্তন/রিসেট/প্রোফাইল আপডেট করতে হবে।

খ) **Upper case, lower case, sign, symbol** সমন্বয়ে পাসওয়ার্ড রিসেট করতে হবে। ডিফল্ট পাসওয়ার্ড কোনভাবেই রাখা যাবে না।

গ) পাসওয়ার্ড রিসেট কাজটি সম্পন্ন করা হয়েছে এই মর্মে এটুআইকে ফিরতি মেইলে ফিডব্যাক দিতে হবে। (ইমেইল: nationalportal@a2i.gov.bd)

ঘ) প্রতি মাস অন্তর পাসওয়ার্ড রিসেট করতে হবে।

ঙ) পোর্টালের ব্যাকএন্ডএ লগইন করলে অবশ্যই লগ আউট করতে হবে। লগআউট ব্যতীত সরাসরি ব্রাউজার ক্লোজ করা যাবে না। ব্রাউজারে কোনভাবেই পাসওয়ার্ড সেভ করা যাবে না।

চ) নিজ পোর্টালের ওয়েব এডমিনিস্ট্ররের প্রোফাইল (সঠিক মোবাইল নম্বর, ইমেইল, নাম পদবী) হালনাগাদ করতে হবে। অন্যথায় **Two Factor Authentication** চালু করা সম্ভব হবেনা।

ছ) উপরিউক্ত নির্দেশনা পালন না করলে যে কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হলে তার দায়ভার স্ব স্ব অফিসের উপর বর্তাবে।

২য় ধাপ: (পত্র প্রাপ্তির ৭ দিনের মধ্যে)

উপজেলা পর্যায়ের অন্যান্য সরকারি অফিসসমূহের পাসওয়ার্ড কালক্ষেপন না করে জরুরিভিত্তিতে পরিবর্তন/রিসেট/প্রোফাইল আপডেট করতে হবে। যার অধিক্ষেত্র (jurisdiction) নিম্নরূপ:

অর্থাৎ উপজেলা পর্যায়ে উপজেলা সাইট এডমিন সংশ্লিষ্ট উপজেলার সকল সাইটের পাসওয়ার্ড রিসেট/প্রোফাইল আপডেটে


সহযোগিতা করতে পারবেন। জেলা পর্যায়ে জেলা সাইট এডমিন সংশ্লিষ্ট জেলার সকল সাইট ও ইউএনও অফিস ও ইউনিয়নের পাসওয়ার্ড রিসেট/প্রোফাইল আপডেটে সহযোগিতা করতে পারবেন।

ক) নিজ পোর্টালের ওয়েব এডমিনিস্ট্ররের প্রোফাইল (সঠিক মোবাইল নম্বর, ইমেইল, নাম পদবী) হালনাগাদ করতে হবে। অন্যথায় **Two Factor Authentication** চালু করা সম্ভব হবেনা।

খ) উপরিউক্ত নির্দেশনা পালন না করলে যে কোন অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হলে তার দায়ভার স্ব স্ব অফিসের উপর বর্তাবে।

পোর্টালের অধিকতর সিকিউরিটি নিশ্চিতকরণ, এপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের জাতীয় প্রকল্প পরিচালকের নির্দেশক্রমে এই মেইলটি প্রেরণ করা হলো। পোর্টালের অধিকতর সিকিউরিটি নিশ্চিতকরণে, হ্যাকিং এর মত দুর্ঘটনা এড়াতে ও সকলের সহযোগিতা বিনীতভাবে কামনা করছি। প্রয়োজনে +৮৮০ ৯৬৩৯৬৬৩৩১১ নম্বরে যোগাযোগ করা যেতে পারে। তবে উপজেলা পর্যায়ে যোগাযোগ করলে সিদ্ধান্ত বাস্তবায়ন সহজতর হবে।

সংযুক্ত: **প্রোফাইল আপডেট গাইডলাইন**



২৬-৯-২০২২

তৌফিক-বিন-বারী

সহকারী প্রোগ্রামার

ফোন: 02-7625033

বিতরণ :

১)

ইমেইল: toufique.ap@doict.gov.bd

উপজেলা.....কর্মকর্তা(সকল), লৌহজং, মুন্সীগঞ্জ।

২) চেয়ারম্যান,.....ইউনিয়ন

পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।

স্মারক নম্বর: ৫৬.০৪.৫৯৪৪.০০০.১৬.০০১.১৫.২২/১(২)


তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯

১৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লৌহজং, মুন্সীগঞ্জ

২) প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুন্সীগঞ্জ



২৬-৯-২০২২

তৌফিক-বিন-বারী

সহকারী প্রোগ্রামার